



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নং: ৩৭.০০.০০০০.০৭২.০৬.০১১.২১.১৩৬

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ
০১ জুন ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি প্রদান।

সূত্র: ২৬ এপ্রিল ২০২২ তারিখে অনুষ্ঠিত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, পাঠদান, একাডেমিক স্বীকৃতি প্রদান/অতিরিক্ত শ্রেণি শাখা খোলা/বিষয়/বিভাগ খোলা সংক্রান্ত সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নিম্নোক্ত শর্তে নিম্নবর্ণিত শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি প্রদানে মন্ত্রণালয়ের সম্মতি নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

ক্র.নং	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	অনুমোদিত পর্যায়
১	ইউনাইটেড পাবলিক স্কুল এন্ড কলেজ, সদর, জামালপুর	স্থাপনের অনুমতি (ইংলিশ ভার্সন)
২	দি হলি চাইল্ড স্কুল, সদর, মানিকগঞ্জ	স্থাপনের অনুমতি

শর্তসমূহ:

- নীতিমালা অনুযায়ী সঠিক পরিমাণে জমি থাকতে হবে ও ০১ (এক) বছরের মধ্যে নিজস্ব জমিতে প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণসহ অন্যান্য প্রয়োজনীয় শিক্ষা উপকরণ সংগ্রহ করতে হবে;
- বিদ্যালয় প্রতিষ্ঠা ও পরিচালনার সাথে সরকারের কোনো আর্থিক সংশ্লেষ থাকবে না;
- পাঠদানের অনুমতি চাওয়ার পূর্বেই প্রধান শিক্ষকসহ প্রয়োজনীয় প্রশাসনিক জনবল নিয়োগ প্রদান করতে হবে;
- পাঠদানের অনুমতির জন্য আবেদনকালে ব্যক্তি নামে প্রতিষ্ঠানের নামকরণের জন্য মন্ত্রণালয়ের ১০/০৪/২০০১ তারিখের প্রজ্ঞাপনের আলোকে নিম্ন মাধ্যমিক স্তরের জন্য ৬,০০,০০০ (ছয় লক্ষ), মাধ্যমিক স্তরের জন্য ১০,০০০০০ (দশ লক্ষ) এবং উচ্চ মাধ্যমিক স্তরের জন্য ১৫,০০০০০ (পনের লক্ষ) টাকা যৌথনামে [(১) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/ ম্যানেজিং কমিটি/গভর্নিংবডি/ সভাপতি (২) জেলা শিক্ষা অফিসার] প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জমাদানের প্রমাণক দাখিল করতে হবে, যা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে প্রতিষ্ঠানের উন্নয়নমূলক কাজে ব্যয় করা যাবে;
- কোনো শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোনো সময় এ অনুমোদন বাতিল করতে পারবে; এবং
- বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।

১৮/৬/২২
(মোছাঃ শান্মী আক্তার)
উপসচিব

ফোন: ৯৫৪৫৭২০

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/ময়মনসিংহ

ই-মেইল: ds_sec2@moedu.gov.bd

স্মারক নং: ৩৭.০০.০০০০.০৭২.০৬.০১১.২১.১৩৬

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ
০১ জুন ২০২২ খ্রিষ্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ২। মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), পলাশী, ঢাকা
- ৩। যুগ্মসচিব, বেসরকারি মাধ্যমিক অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৫। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৬। জেলা প্রশাসক,.....(সংশ্লিষ্ট জেলা)
- ৭। সচিব মহোদয়ের এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৮। পরিচালক/উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা/ময়মনসিংহ অঞ্চল
- ৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ১০। জেলা শিক্ষা অফিসার,.....
- ১১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক,.....
- ১২। ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক-২ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ১৩। অফিস কপি

M 31/22
(মোছাঃ শাম্মী আক্তার)
উপসচিব